

**সিউডী ১ নং পঞ্চায়েত সমিতি**  
**কালিপুর, বড়বাগান**  
**বিজ্ঞপ্তি**

এতদ্বারা সিউডী ১ নং পঞ্চায়েত সমিতির সমস্ত নথিভুক্ত ঠিকাদারদের উদ্দেশ্যে জানানো হচ্ছে যে সিউডী ১ নং পঞ্চায়েত সমিতির নথিভুক্ত ঠিকাদারদের ২০০৯-২০১০ বর্ষের নথিভুক্তি করণের জন্য এবং শ্রেণী উন্নিত করণের জন্য নথি ভুক্ত ঠিকাদারদের কাছ থেকে আগামী ৩০.০৬.২০০৯ এর মধ্যে নথিভুক্তি করণের জন্য নথিভুক্ত ফি জমা নেওয়া হবে।

শ্রেণী উন্নিত করণের জন্য নথিভুক্ত ঠিকাদার যে শ্রেণীতে নথিভুক্ত আছেন সেই শ্রেণীতে এই পঞ্চায়েত সমিতির কোন কাজ করেছেন তার কাগজ পত্র সহ দরখাস্ত আগামী ৩০.০৬.২০০৯ এর মধ্যে জমা দিতে হবে। পঞ্চায়েত সমিতি কতৃপক্ষ বিবেচনা করে শ্রেণী উন্নিত করণের পক্ষে মত দিলে শ্রেণী উন্নিত করণের জন্য বিবেচিত ঠিকাদারকে তিনি যে শ্রেণীতে নথিভুক্ত ছিলেন তার জন্য সিকিউরিটি ও গচ্ছিত জমা বাবদ যে টাকা জমা দিয়েছিলেন তা বাদে তিনি যে শ্রেণীতে উন্নিত হচ্ছেন সেই শ্রেণীর জন্য নির্ধারিত সিকিউরিটির ও গচ্ছিত জমার বাকি টাকা জমা দিতে হবে।

প:ব: পঞ্চায়েত (জেলা পরিষদ এবং পঞ্চায়েত সমিতি) এ্যাকাউন্টস এবং ফিনান্স রুলস ২০০৩ (রুল ৮৯) অনুসারে বর্তমানে ঠিকাদারদের নথিভুক্ত করণের জন্য এখন থেকে ৩ টি গ্রুপ থাকবে। সেই কারণে বর্তমান ৪র্থ শ্রেণী ভুক্ত ঠিকাদারগন ৪র্থ শ্রেণীর জন্য সিকিউরিটি বাবদ যে টাকা জমা দিয়েছিলেন তা বাদে তৃতীয় শ্রেণীর জন্য নির্ধারিত সিকিউরিটির ও গচ্ছিত জমার বাকি টাকা জমা দিলে তার নাম তৃতীয় শ্রেণীতে নথিভুক্ত করা হবে যদি তিনি তৃতীয় শ্রেণীতে নথিভুক্ত বাবদ ফি জমা দেন।

**সাধারণ ঠিকাদার**

ঠিকাদারদের শ্রেণী	অফেরৎ যোগ্য গচ্ছিত জমা	সিকিউরিটির পরিমাণ	কাজের পরিধি
১ম শ্রেণী	২৫,০০০/-	২৫,০০০/-	৫ - ১০ লাখ টাকা
২য় শ্রেণী	১২,৫০০/-	২০,০০০/-	২ - ৫ লাখ টাকা
৩য় শ্রেণী	৫,০০০/-	১৫,০০০/-	২ লাখ টাকা পর্য্যন্ত

**স্যানিটারী এ্যান্ড প্লাস্টিং ঠিকাদার**

ঠিকাদারদের শ্রেণী	অফেরৎ যোগ্য গচ্ছিত জমা	সিকিউরিটির পরিমাণ	কাজের পরিধি
১ম শ্রেণী	২৫,০০০/-	২৫,০০০/-	৫ - ১০ লাখ টাকা
২য় শ্রেণী	১২,৫০০/-	২০,০০০/-	২ - ৫ লাখ টাকা
৩য় শ্রেণী	৫,০০০/-	১৫,০০০/-	২ লাখ টাকা পর্য্যন্ত

**ইলেকট্রিক্যাল ঠিকাদার**

ঠিকাদারদের শ্রেণী	অফেরৎ যোগ্য গচ্ছিত জমা	সিকিউরিটির পরিমাণ	কাজের পরিধি
১ম শ্রেণী	২৫,০০০/-	২৫,০০০/-	২.৫ - ৪ লাখ টাকা
২য় শ্রেণী	১২,৫০০/-	২০,০০০/-	০.৫ - ২.৫ লাখ টাকা
৩য় শ্রেণী	৫,০০০/-	১৫,০০০/-	০.৫ লাখ টাকা পর্য্যন্ত

সি. পু. গাঙ্গুলী  
২২/০৬/০৯

নির্বাহী আধিকারিক  
সিউডী ১নং পঞ্চায়েত সমিতি

তারিখ :- ২২/০৬/০৯

স্মারক সংখ্যা :- ৪২২(৭)

অনুলিপি প্রেরণ করা হলো :-

- ১) মাননীয় সভাপতি, বীরভূম জেলা পরিষদ
- ২) মাননীয় জেলা সমাহর্তা, বীরভূম
- ৩) সভাপতি, সিউডী ১নং পঞ্চায়েত সমিতি
- ৪) ডি. আই. ও। (এন. আই. সি), বীরভূম
- ৫) ডি. এন. ও। (এন. আর. ই. জি. এস), বীরভূম
- ৬) শ্রী-----
- ৭) অফিস নোটস বোর্ড